



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি নং-১১৮/২০১৯

তারিখ : ২৪ ভাদ্র, ১৪২৬
০৮ সেপ্টেম্বর, ২০১৯

প্রবাসী কল্যাণ ব্যাংক এ 'সহকারী প্রোগ্রামার' পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের তত্ত্বাবধানে প্রবাসী কল্যাণ ব্যাংক এ 'সহকারী প্রোগ্রামার' পদে নিয়োগের লক্ষ্যে Online-এ প্রাপ্ত আবেদনসমূহ যাচাইয়াত্তে যোগ্য বিবেচিত প্রার্থীদের ০১ ঘণ্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ Test আগামী ২০/০৯/২০১৯ তারিখ শুক্রবার সকাল ০৯.০০টা থেকে ১০.০০ টা পর্যন্ত **Mirpur Girls Ideal Laboratory Institute** এ অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://erecruitment.bb.org.bd>) হতে সংগ্রহ করার জন্য প্রার্থীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। উল্লেখ্য, পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ, অন্যান্য ইলেকট্রিক ডিভাইস এবং প্রবেশপত্রের একাধিক কপি বা কোন অতিরিক্ত কাগজ নিয়ে প্রবেশ না করতে নির্দেশনা দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আলী)
মহাব্যবস্থাপক, বিএসসিএস
ও
সদস্য-সচিব, বিএসসি